মানিকগঞ্জে খোলা ভোজ্য তেল বিক্রীর প্রতিবাদে ক্যাব এর মানব বন্ধন

মানিকগঞ্জ- দুর্নীতিবাজ ব্যবসায়ীদের কারসাজি ও অতি মুনাফা লোভীদের কারনে আলু পেয়াজ এর দাম সাধারণ ভোক্তাদের ক্রয় ক্ষমতার নাগালের বাহিরে এবং আইনে নিষিদ্ধ বাজারে খোলা ভোজ্য তেল (ড্রামে) বিক্রীর প্রতিবাদে মানব বন্ধন করেছে ক্যাব মানিকগঞ্জ জেলা শাখা।
সোমবার (২ ডিসেম্বর) বেলা এগারোটার সময় মানিকগঞ্জ প্রেস ক্লাবের সামনে এ মনব বন্ধন অনুষ্টিত হয়। কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) মানিকগঞ্জ জেলা শাখা কর্তৃক আয়োজিত ঘন্টা ব্যপি মানব বন্ধনে বক্তব্য রাখেন ক্যাব মানিকগঞ্জ জেলার সাধারন সম্পাদক এবি এম সামছুন্নবী তুলিপ, প্রেসকাবের আহবায়ক জাহাঙ্গীর আলম বিশ্বাস,সদস্য সচিব শাহানুর ইসলাম প্রেসক্লাবের সাবেক সাধারন সম্পাদ অতিন্দ্র চক্রবর্তী বিপ্পব প্রমুখ।
বক্তরা বলেন,অতি মুনাফা লোভীদের কারণে বাজারে আলু,পেয়াজসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর দাম বৃদ্ধি পাচ্ছে। ভোক্তাদের ক্রয় ক্ষমতা নাগালের বাহিরে চলে যাওয়ায় হিমসিম খাচ্ছে ভোক্তারা। দ্রব্যমূল্য ক্রেতাদের ক্রয়সিমার মধ্যে আনতে হবে। এছাড়া নিরাপদ ও নন- ফুড গ্রেড ড্রামে ভোজ্যতেল বাজারজাত বন্ধকরণে সরকারি নিষেধাঞ্জা বাস্তবায়নের দাবী জানান তারা। ।